# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৪৩

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৩. হুমিয়্যা (রোগীর পথ্য)

بَاب الْحِمْيَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ الْوَهَّابِ، حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ، عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ صَيْفِيٍّ، ـ مِنْ وَلَدِ صُهَيْبٍ ـ عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، صُهَيْبٍ قَالَ قَدِمْتُ عَلَى النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ وَبَيْنَ يَدَيْهِ خُبْزٌ وَتَمْرٌ فَقَالَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ " ادْنُ فَكُلْ " . فَأَخَذْتُ آكُلُ مِنَ التَّمْرِ فَقَالَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ " تَأْكُلُ تَمْرًا وَبِكَ رَمَدٌ " . قَالَ فَقُلْتُ إِنِّي أَمْضُغُ مِنْ نَاحِيَةٍ أُخْرَى . فَتَبَسَّمَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ .

বাংলা

২/৩৪৪৩। সুহাইব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হলাম। তাঁর সামনে ছিল রুটি ও খেজুর। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কাছে এসো এবং খাও। আমি খেজুর থেকে খেতে শুরু করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তুমি খেজুর খাচ্ছো, তোমার তো চোখ উঠেছে। আমি বললাম, আমি অপর পাশ দিয়ে চিবাচ্ছি। এ কথায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হাসলেন।

## English

It was narrated that Suhaib said:
“I came to the Prophet (ﷺ) and in front of him there were some bread and dates. The Prophet (ﷺ) said: ‘Come and eat.’ So I started to eat some of the dates. Then the Prophet (ﷺ) said: ‘Are you eating dates when you have an inflammation in your eye?’ I said: ‘I am chewing from the other side.’ And the Messenger of Allah (ﷺ) smiled.”

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী আবদুল হামীদ বিন সায়ফী সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, এই হাদিস ব্যাতিত তার সম্পর্কে কোথাও জানা যায়না, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু হাতিম আর-রাযী তাকে শায়খ হিসেবে উল্লেখ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৭১৩, ১৬/৪২৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44407

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন